যুগান্তর

FEB. 1 1 2002

তারিখ ... ... ... ...

পৃষ্ঠা ২ .. ৫ কলাম ... ২

# ফেনী কমার্স কলেজে ছাত্রদল শিবির সংঘর্ষ : আহত ৬

ফেনী প্রতিনিধি

রোববার সকালে ফেনী কমার্স কলেজে ছাত্রদল ও শিবিরের মধ্যে সংঘর্ষে ৬ জন আহত হয়েছে। দেয়ালে চিকা লেখা ও মুছে ফেলাকে কেন্দ্র করে এই সংঘর্ষের সৃষ্টি হয়।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীর বরাতে জানা যায়, ছাত্রদলের দেয়াল লিখন মুছে ফেলায় সকালে একদল ছাত্রদল কর্মী ফেনী মহিপালে অবস্থিত ফেনী কমার্স কলেজ ক্যাম্পাসে শিবির কর্মী কমার্স কলেজের ছাত্র মহিউদ্দিন (২০) ও ওমর ফারুককে (২০) ক্লাস রুমে আটক করে মারধর করে। এ ঘটনার জের ধরে বেলা

সংঘর্ষ : পৃষ্ঠা : ২ কলাম : ৬

## সংঘর্ষ : ফেনী

(শেষ পৃষ্ঠার পর)

১১টায় শিবিরের ১৫/২০ জন কর্মী কলেজে উপস্থিত ছাত্রদল নেতাকর্মীদের ওপর হামলা চালায়। ছাত্রদলের কলেজ শাখার সাধারণ সম্পাদক আবুল হোসেন জানান, শিবির কর্মীদের হামলায় তাদের কর্মী প্রথম বর্ষের ছাত্র নান্টু (১৯), দ্বিতীয় বর্ষের ছাত্র মুরাদ (২০), ইসমাইল (২০) ও রুবেল (২০) আহত হয়েছে। তাদের স্থানীয় ক্লিনিকে ভর্তি করা হয়েছে। হামলার সময় কলেজের দরজা জানালার কিছু কাচও ভাংচুর করা হয় বলে ছাত্রদল দাবি করেছে।